**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-12-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**VB-G RAM G Bill gets President’s assent:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বিকশিত ভারত-রোজগার এবং জীবিকা নিশ্চয়তা মিশন (গ্রামীণ) (বিকশিত ভারত-জিআরএএমজি) বিল, ২০২৫-এ সম্মতি দিয়েছেন। সংসদের শীতকালীন অধিবেশনে বিলটি পাস হয়। এই আইনে গ্রামীণ পরিবারগুলির জন্য প্রতি আর্থিক বছরে বিধিবদ্ধ মজুরি কর্মসংস্থানের নিশ্চয়তা ১২৫ দিনে উন্নীত করার সংস্থান রয়েছে। গ্রামীণ উন্নয়ন মন্ত্রক উল্লেখ করেছে, গ্রামীণ কর্মসংস্থান নীতির পরিবর্তনে এই আইন গুরুত্বপূর্ণ মাইলফলক। এতে আরও বলা হয়েছে যে এই আইনের মাধ্যমে  ক্ষমতায়ন, অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধি, উন্নয়নমূলক উদ্যোগের সমন্বয় এবং সম্পৃক্ততা-ভিত্তিক পরিষেবা প্রদানের লক্ষ্য রয়েছে।বিকশিত ভারত-জি আরএএম জি আইন ২০০৫ এর মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা আইন(এমজিএনআরইজিএ)-এর জায়গা নেবে।

*************

**PM-DIBRUGARH VISIT:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, একটি উন্নত ভারত গঠনে দেশের কৃষক এবং অন্নদাতাদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এবং সরকার কৃষকদের স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কাজ করছে। আসামে ডিব্রুগড়ের নামরূপে অ্যামোনিয়া-ইউরিয়া সার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করার পর গতকাল প্রধানমন্ত্রী এই কথা বলেন। এই কেন্দ্রে বছরে ১২লক্ষ ৭ হাজার মেট্রিক টন ইউরিয়া উৎপাদনের ক্ষমতা থাকবে এবং প্রকল্পটি ২০৩০ সালে চালু হওয়ার

কথা রয়েছে। উল্লেখ্য নামরূপ প্ল্যান্টটি নতুন কর্মসংস্থান এবং স্ব-উদ্যোগপনার সুযোগ তৈরি করবে|

আসাম সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্র নদের ওপর একটি প্রমোদতরীতে 'পরীক্ষা পে চর্চা' অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। প্রধানমন্ত্রী আসাম আন্দোলনের ৮৬0 জন শহিদ স্মরণে গুয়াহাটির বোরাগাঁওয়ে নবনির্মিত শহিদ স্মারক ক্ষেত্রও পরিদর্শন করেন এবং শহিদদের প্রতি শ্রদ্ধা জানান।

******************

**BJP Legal Cell – Chief Minister:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনগনের অধিকার সুরক্ষায় আইনজীবীরা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছেন| গতকাল আগরতলার মুক্তধারায় বিজেপি লিগ্যাল সেলের কনক্লেভে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে প্রত্যেক মহকুমায় আদালত খোলা হচ্ছে। এরফলে বিচারের জন্য মানুষকে বাড়ি থেকে বেশি দূরে যেতে হবে না। দেশে ব্রিটিশ আইন বদল করে নতুন তিনটি ফৌজদারি আইন চালু হয়েছে। এই আইন চালুর ক্ষেত্রে ত্রিপুরা দেশে সামনের সারিতে রয়েছে|

*****************

**FM-Gramin Bank:**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেছেন, ত্রিপুরা গ্রামীণ ব্যাংক রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের ৫0 বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ভাষণে তিনি একথা বলেন| বর্তমানে রাজ্যে ব্যাংকগুলির মধ্যে প্রথম সারিতে দাঁড়িয়ে দেড়শটি শাখা নিয়ে

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক গ্রাহকদের পরিষেবা প্রদান করছে বলেও তিনি উল্লেখ করেন ।

************

**Ex Agnibeers-BSF:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক  সীমান্ত নিরাপত্তা বাহিনী BSF-এ কনস্টেবল নিয়োগের ক্ষেত্রে প্রাক্তন অগ্নিবীরদের সংরক্ষন ১০ শতাংশ থেকে বাড়িয়ে ৫০ শতাংশ করেছে। এক গেজেট বিজ্ঞপ্তি অনুসারে, প্রাক্তন অগ্নিবীরদের প্রথম ব্যাচ পাঁচ বছর পর্যন্ত বয়সের সর্বোচ্চ সীমা ছাড় পাবে, বাকি প্রাক্তন অগ্নিবীররা তিন বছর ছাড় পাবে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, প্রাক্তন অগ্নিবীরদের শারীরিক মান এবং শারীরিক দক্ষতা পরীক্ষা থেকেও অব্যাহতি দেওয়া হবে।এছাড়াও বিজ্ঞপ্তিতে অন্য সুবিধা ও সংরক্ষণের উল্লেখ রয়েছে।

************

**Pulse Polio North:**

জাতীয় পোলিও টিকাকরণ দিবস উপলক্ষে গতকাল উত্তর ত্রিপুরা জেলা স্তরের অনুষ্ঠানটি জেলা হাসপাতালে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের  সূচনা করেন উত্তর ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরার জেলাশাসক ও  সমাহর্তা চাঁদনী চন্দ্রন  সহ অন্যান্যরা। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার দীপক চন্দ্র হালদার জানিয়েছেন উত্তর জেলায় মোট ২৩ হাজার ৪৬৯ জন শিশুকে গতকাল পোলিও টিকাকরণ করা হয়েছে। শতাংশের হিসাবে যা ৫১.২৭ শতাংশ। বাকিদের পরবর্তী  দুদিনে  বাড়ি বাড়ি গিয়ে টিকা করন  সম্পন্ন করা হবে।

****************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৯তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে|

*****************

**GhostPairing Cyber:**

‘ঘোস্টপেয়ারিং’ নামে একটি সাইবার প্ল্যাটফর্মের মাধ্যমে হোয়াটসঅ্যাপ অ্যাকাউন্ট হ্যাক করা হচ্ছে বলে কেন্দ্রীয় বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রক সতর্কতা জারী করেছে। মন্ত্রক জানিয়েছে, হ্যাকাররা অথেন্টিকেশন ছাড়াই পেয়ারিং কোড ব্যবহার করে হোয়াটসঅ্যাপের ডিভাইস-লিঙ্কিং ফিচারটির অপব্যবহার করছে।

এজন্য মন্ত্রক নাগরিকদের সন্দেহজনক লিঙ্কে ক্লিক না করতে এবং বাইরের কোনো সাইটে তাদের ফোন নম্বর না দিতে অনুরোধ করেছে। হোয়াটসঅ্যাপে লিঙ্কড ডিভাইসের সেটিংস নিয়মিত পরীক্ষা করে এই ধরনের ফাঁদে পা না দেবার পরামর্শ দিয়েছে এই মন্ত্রক।

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল|রাজ্যের পশ্চিম জেলা সহ পাঁচ জেলায় ঘন কুয়াশার পুর্বাভাস

রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************

*************